দৈনিক ইনকিলাব

তারিখ 14 MAR 1992
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষাঙ্গন

## মান উন্নয়ন না বিভাগ উন্নয়ন

গত ২৮-২-৯২ তারিখের ইনকিলাব পত্রিকার সম্পাদক সমীপে কলামে এম, হাসান আল ফারুক লিখিত "মান উন্নয়ন না বিভাগ উন্নয়ন" প্রসঙ্গটি আমার নজরে পড়েছে এবং আমিও তার সাথে একমত। প্রত্যেক পরীক্ষার্থীই বিভাগ উন্নয়নের জন্যই পরীক্ষা দিয়ে থাকে। ভাগ্যক্রমে অনেকেই প্রথম বিভাগে উন্নতি লাভ করতে পারে না। প্রথম বিভাগে উন্নতি লাভ না করতে পারলেও তার নম্বরের অনেক উন্নতি হয়ে থাকে। কিন্তু দুঃখের বিষয়, বোর্ড কর্তৃপক্ষ তাদের সেই উন্নতির নম্বরপত্র দেন না। এই নম্বর নিয়েও অনেকে অনেক উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির আবেদন করতে পারে। যদি সে প্রথম বিভাগ না পায়, তা হলে তার সমস্ত বছরের কষ্ট কি মাটি হয়ে যাবে? এছাড়াও এক বছরে লেখাপড়ার পিছনে কি খরচ হয় তা অভিভাবক মহল জানেন। এ ব্যাপারে অবিলম্বে এই নিয়ম বাদ দিয়ে যার যতটুকু মান উন্নয়ন হয়েছে, তার ততটুকু ন্যায্য পাওনা বোর্ড কর্তৃপক্ষের কাছে ফিরিয়ে দেবার জন্য আবেদন জানাচ্ছি এবং এ ব্যাপারে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

—দেওয়ান নাজমুল আহসান,

## মস্কো থেকে বাংলাদেশীদের প্রতি

মস্কো থেকে বাংলাদেশী ভাই-বোনদেরকে জানাচ্ছি— যারা বিভিন্ন পত্রিকায় দেয়া বিজ্ঞাপনদাতাদের মাধ্যমে সোভিয়েত ইউনিয়নে আসতে চান তারা সোভিয়েত ইউনিয়নের বর্তমান পরিস্থিতি ভালভাবে জেনে আসবেন। সোভিয়েত ইউনিয়নে আসলেই ইউরোপ, কানাডা, আমেরিকা যেতে পারবেন— বিজ্ঞাপনদাতাদের এমন কথায় কখনও ভুলবেন না। এভাবে এখানে কয়েকজন এসেছেন এখন কান্নাই তাদের সাথী। এখানে লেখাপড়া করতে হলেও প্রতি বছর ২০০০ থেকে ২৫০০ ইউএস ডলার প্রয়োজন। যাদের অভিভাবকদের পক্ষে এই ব্যয়ভার বহন করা সম্ভব তারাই আসবেন। এখান থেকে ইউরোপ, কানাডা, আমেরিকা যাওয়া আকাশকুসুম কল্পনা ছাড়া কিছুই নয়। তাই বাংলাদেশী ভাই-বোনদেরকে বলছি— চিন্তাভাবনা করে কাজ করবেন।

TUSAR / REPON / ARIF
MOSCOW REGION
TOWN MITISHI - 141014
MKI–HOSTEL NO. 2
ROOM NO. 406/1
USSR